ইত্তেফাক

তারিখ ২/১১/৮১
পৃষ্ঠা



# তৃতীয় পর্যায়ের খাল খনন কর্মসূচী উদ্বোধন

(ইত্তেফাক রিপোর্ট)

অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার গতকাল ফরিদপুরের কুমারপুরে দেশব্যাপী তৃতীয় পর্যায়ে খাল পুনঃখনন কর্মসূচীর উদ্বোধন করেন।

উল্লেখ্য, ১৯৭৯ সনের ১লা নভেম্বর মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান মানিকগঞ্জ হইতে দেশব্যাপী প্রথম পর্যায়ে খাল খনন কর্মসূচীর উদ্বোধন করেন। ১৯৮০ সনে দিনাজপুর হইতে সারা দেশে দ্বিতীয় পর্যায়ে খাল খনন-পুনঃ খননের কাজ শুরু করা হয়।

এই উপলক্ষে কোমরপুরে আয়োজিত এক জনসমাবেশে অস্থায়ী প্রেসিডেন্ট খাল খনন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে দেশব্যাপী সর্বস্তরের জনগণকে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহ্বান জানাইয়া বলেন, কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষকদের অর্থনৈতিক উন্নয়নকল্পে এই কার্যক্রমের বাস্তবায়ন অত্যন্ত অপরিহার্য। তিনি বলেন, দেশের খাদ্য ঘাটতি পূরণ এবং দেশকে স্বনির্ভর করিয়া তোলার লক্ষ্যে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে দেশব্যাপী এই খাল খনন কর্মসূচীর সূচনা করিয়াছিলেন।

তিনি বলেন, দেশব্যাপী খাল খননের ফলে কৃষিক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হইয়াছে এবং আমাদের খাদ্য ঘাটতি ক্রমশঃ হ্রাস পাইতেছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী জনাব কে, এম, ওবায়দুর রহমান এবং ফরিদপুরের জেলা প্রশাসক জনাব এস, এম, আবু বাকার।

জনাব ওবায়দুর রহমান বলেন, আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে বিচারপতি আব্দুস সাত্তার জয়লাভ করিলে খাল খননসহ প্রেসিডেন্ট জিয়ার সকল কর্মসূচীর বাস্তবায়ন অব্যাহতভাবে চলিবে।

কোমরপুর-ধূলদী খাল পুনঃ

( ৮ম পৃঃ ১-এর কঃ দ্রঃ )



অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার গতকাল (রবিবার) ফরিদপুরে তৃতীয় পর্যায়ের খাল খনন কর্মসূচীর উদ্বোধন করেন

## খাল খনন কর্মসূচী

( ১ম পৃঃ পর )

খনন প্রকল্পটির দৈর্ঘ্য, ৫ মাইল। এই প্রকল্পে মোট ৩১, ৬৮,০০০ ঘনফুট মাটি কাটা হইবে। ইহাতে মোট ৬৩,৩৬০ শ্রম দিবসের প্রয়োজন হইবে। প্রকল্পটি বাস্তবায়নে সরকারী অনুদানের পরিমাণ ৭১,২৮০ টাকা এবং মোট ব্যয়ের পরিমাণ ৪,৭৫,২০০ টাকা। উপকৃত এলাকার পরিমাণ ২০০ একর জমি। প্রকল্পটি বাস্তবায়িত হইলে ২ হাজার মণ অতিরিক্ত খাদ্যশস্য উৎপন্ন হইবে।

বাসস জানায়, উপপ্রধানমন্ত্রী জনাব এস, এ, বারী গতকাল দিনাজপুরে চার মাইল দীর্ঘ কাজীপাড়া খাল খনন উদ্বোধন করেন। এই উপলক্ষে বক্তৃতা প্রসঙ্গে তিনি বলেন; খাল খননের ফলে কৃষি উৎপাদনে বৈপ্লবিক পরিবর্তন সূচিত হইয়াছে এবং ইহার ফলে দেশের খাদ্য ঘাটতির পরিমাণ সর্বনিম্ন পর্যায়ে নামিয়া আসিয়াছে।

বরিশাল হইতে আমাদের নিজস্ব সংবাদদাতা তারবার্তায় জানান, জেলা প্রশাসক জনাব আবদুল আউয়াল নলচিঠি থানায় বাচানের খাল পুনঃখননের মাধ্যমে বরিশাল জেলায় এবারের খাল খনন কর্মসূচীর উদ্বোধন করেন।

### কৃষি সরঞ্জাম প্রদর্শনীতে অস্থায়ী প্রেসিডেন্ট

বাসস ও এনা অপর এক খবরে জানায়, অস্থায়ী প্রেসিডেন্ট গতকাল সকালে ঢাকায় এয়ার পোর্ট রোডস্থ দেশীয় কৃষি এবং সেচ সরঞ্জামের, স্থায়ী প্রদর্শনী ও কারখানা পরিদর্শন করেন। অস্থায়ী প্রেসিডেন্ট এই সমস্ত দেশীয় সরঞ্জাম বিশেষ করিয়া সেচের পাম্প যথাযথ বাজারজাতকরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দিয়াছেন।

পূর্বাহ্ণে বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপক পরিচালক জনাব খায়রুল কবীর অস্থায়ী প্রেসিডেন্টকে এই প্রদর্শনীর উদ্দেশ্য ও লক্ষ্য অবহিত করেন।

গত জানুয়ারী মাসে প্রতিষ্ঠিত এই কারখানায় এ যাবৎ ৪০টি অগভীর নলকূপ, ৬০টি লো-লিফ্‌ট, পাম্প, ২৪০টি ডায়াফ্রাম পাম্প, ১১টি পদচালিত শস্য মাড়াই কল, ৩২টি হস্তচালিত র‍্যাক, ১০টি বীজ রোপণ যন্ত্র, ২০টি ধান ঝাড়াই কল প্রস্তুত করা হইয়াছে। এই সমস্ত সামগ্রীর মূল্য প্রায় ৬ লক্ষ টাকা। চলতি অর্থ বৎসরে এই কারখানার দেড় হাজার অগভীর নলকূপ ১ হাজার লোলিফট পাম্প, দেড় হাজার ডায়াফ্রাম পাম্প, ১ হাজার পদচালিত মাড়াই কল, ২ হাজার হস্তচালিত র‍্যাক এবং ৫ শত ধান ঝাড়াই কল তৈরী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে।